দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ৩ কলাম ৪....

NOV. 09 2002

# জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে রাবি শিক্ষা সম্মেলন সমাপ্ত

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০৩ উপলক্ষে গত সোমবার এই বিশ্ববিদ্যালয়ে শিক্ষা সম্মেলন ও সমাপনী অনুষ্ঠান শেষ হয়েছে। দেশের শিক্ষিত বেকারদের কারণে সৃষ্ট জাতীয় অপচয় রোধে সঠিক দিক নির্দেশনা ও চাহিদার সাথে

(১০ম পৃঃ দ্রঃ)

## জাতীয় শিক্ষা

(৭ম পৃঃ পর)

সংগতিপূর্ণ শিক্ষা ব্যবস্থার প্রস্তাব দেয়া হয়েছে এই সম্মেলনে।

জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন কমিটির সভাপতি ভিসি প্রফেসর ফাইসুল ইসলাম ফারুকীর সভাপতিত্বে শিক্ষা সম্মেলনে 'স্বনির্ভরতা অর্জনে শিক্ষা' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট দার্শনিক প্রফেসর (অবঃ) রশীদুল আলম ও বিশিষ্ট অর্থনীতিবিদ প্রফেসর তারিক সাইফুল ইসলাম। তাঁরা বলেছেন, দেশে শিক্ষার প্রসার ও শিক্ষিতের হার বৃদ্ধির পাশাপাশি শিক্ষিত বেকারের সংখ্যা আশংকাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। উচ্চ শিক্ষার অর্থনৈতিক চাহিদার সাথে সামাজিক চাহিদার কোন সংগতি নেই। শিক্ষিতদের জন্য মানসম্পন্ন যে কর্মসংস্থানের প্রয়োজন তার চাহিদানুরূপ কোন ব্যবস্থা না হওয়ায় সমাজে হতাশা ও অস্থিরতা দেখা দিচ্ছে। সেটা এক জাতীয় অপচয়। এ অবস্থা উত্তরণের জন্য প্রয়োজন সঠিক দিক নির্দেশনা ও চাহিদার সাথে সংগতিপূর্ণ শিক্ষা ব্যবস্থা।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিক্ষক ছাত্র সাংস্কৃতিক কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক প্রফেসর সাদেকুল ইসলাম। ভিসি প্রফেসর ফাইসুল ইসলাম ফারুকী সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার এবং প্রো-ভিসি প্রফেসর কে এ এম শাহাদত হোসেন মণ্ডল প্রতিযোগিতার সনদপত্র প্রদান করেন।